

অথবা

- খ) বঙ্কিমচন্দ্র, রমেশচন্দ্রের হাত ধরে বাংলা সাহিত্যে যে ঐতিহাসিক কাহিনী রচনার ধারা গড়ে উঠেছিল, শরদিন্দু বন্দ্যোপাধ্যায়কে কি সেই ধারারই উত্তরসূরী বলে মনে করবে? সদাশিবের অভিযানের নানা গল্পগুলির ভিত্তিতে আলোচনা কর।

## BACHELOR OF ARTS EXAMINATION, 2018

( 3rd Year, 6th Semester )

### COMPARATIVE LITERATURE

আধুনিক বাংলা সাহিত্য : ২

PAPER : CL/UG/6.2A

Time : Two hours

Full Marks : 30

সব প্রশ্ন সমমানের।

- ১। ক) শেষ দশকের রবীন্দ্র-কবিতায় যে সংশয়ের দোলাচল দেখা যায় তা কি রবীন্দ্রনাথের কবিতাকে আধুনিক হয়ে উঠতে কোনও ভাবে সাহায্য করে বলে তোমার মনে হয়? উত্তরের সপক্ষে দৃষ্টান্ত সহকারে যুক্তি দাও।

অথবা

- খ) ‘রবীন্দ্রনাথ ও উত্তরসাধক’ প্রবন্ধে আসলে বুদ্ধদেব বসু নিজেকে ও সমগোত্রীয় কবিদের রবীন্দ্র অনুসারী কবিতার ধারা থেকে বিযুক্ত করেন। বিযুক্তিকরণের যুক্তিগুলির যথার্থ্য আলোচনা কর।

- ২। ক) *চোখের বালি* উপন্যাসের সমাপ্তি বিষয়ে রবীন্দ্রনাথের অবস্থানের সঙ্গে তুমি কি সহমত পোষণ করবে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি বা প্রতীয়ুক্তি দাও।

অথবা

- খ) *টোড়াই চরিত মানস* উপন্যাসে আখ্যান কখন রীতিতে সতীনাথ ভাদুড়ী কীভাবে অভিনবত্ব দেখিয়েছেন? দৃষ্টান্তসহ আলোচনা কর।

- ৩। ক) শরৎচন্দ্রের ‘সতী’ ও বনফুলের ‘নিমগাছ’ গল্পদুটি আকারগত দিক থেকে বিপরীত হলেও প্রকরণগত দিক থেকে কি ‘ছোটগল্প’ অভিধার যোগ্য? দৃষ্টান্তসহ বিষয়টি বিশ্লেষণ কর।

[ Turn over